# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৫৩৬

২৫/ চিকিৎসা (كتاب الطب)

পরিচ্ছেদঃ ২৫/৪৩. যে ব্যক্তি ফাল পছন্দ করে এবং অশুভ লক্ষণ অপছন্দ করে

بَاب مَنْ كَانَ يُعْجِبُهُ الْفَأْلُ وَيَكْرَهُ الطِّيَرَةَ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ نُمَيْرٍ، حَدَّثَنَا عَبْدَةُ بْنُ سُلَيْمَانَ، عَنْ مُحَمَّدِ بْنِ عَمْرٍو، عَنْ أَبِي سَلَمَةَ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ كَانَ النَّبِيُّ - صلى الله عليه وسلم - يُعْجِبُهُ الْفَأْلُ الْحَسَنُ وَيَكْرَهُ الطِّيَرَةَ .

বাংলা

১/৩৫৩৬। আবূ হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, (অদৃশ্য থেকে শ্রুত) উত্তম কথা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর পছন্দনীয় ছিল কিন্তু তিনি (কিছুকে) কুলক্ষণ মনে করা অপছন্দ করতেন।

## English

It was narrated that Abu Hurairah said:
“The Prophet (ﷺ) used to like good signs and hate bad omens.”

ফুটনোট

সহীহুল বুখারী ৫৭৫৪, ৫৭৫৫, মুসলিম ২২২০, আহমাদ ৭৫৬৩, ৯০০৯, ৯৫৩৯, ৯৯৪৮, ১০২০৪, ১০৪১১, আয-যিলাল ২৬৯, সহীহাহ ৭৮৬। তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী মুহাম্মাদ বিন আমর বিন হুরায়স সম্পর্কে ইবনু হিব্বান বলেন, তিনি সিকাহ তবে ইমাম যাহাবী বলেন, তার পরিচয় সম্পর্কে কিছু জানা যায়নি। আবু হাতিম বিন হিব্বান বলেন, তিনি হাদিস বর্ণনায় ভুল করেন। ইবরাহীম বিন ইয়াকুব আল-জাওযুজানী বলেন, তিনি হাদিসের ক্ষেত্রে নির্ভরযোগ্য নয়। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় সন্দেহ করেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৫৫১৩, ২৬/২১২ নং পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=44500

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন